# সিটি কর্পোরেশন

সিটি কর্পোরেশন [কর] বিধি, ২০০৯ এর মাধ্যমে বাংলাদেশে ট্রেড লাইসেন্সের সূচনা ঘটে। এই লাইসেন্স উদ্যোক্তাদের আবেদনের ভিত্তিতে প্রদান করা হয়। সিটি কর্পোরেশন বা সিটি পরিষদ এই প্রক্রিয়াটি পরিচালনা করে থাকে। ট্রেড লাইসেন্স বিশেষভাবে শুধুমাত্র লাইসেন্সধারী ব্যক্তির নামে প্রদান করা হয় এবং এটা কোনোভাবে হস্তান্তরযোগ্য নয়। এই লাইসেন্স ব্যবসায়িক উদ্দেশ্য ছাড়া অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহৃত হতে পারবে না। নবায়নকৃত ট্রেড লাইসেন্স আঞ্চলিক কর অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রদান করে থাকেন। ট্রেড লাইসেন্সের জন্য নির্ধারিত ফি লাইসেন্স ফরমে উল্লেখিত যে কোনো ব্যাংকের মাধ্যমে জমা দিতে হবে।

## ট্রেড লাইসেন্স

- **সাধারণ ট্রেড লাইসেন্স:** ভাড়ার রশিদ অথবা চুক্তিপত্রের সত্যায়িত কপি, এবং হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদের কপি।
- **শিল্প প্রতিষ্ঠানের জন্য ট্রেড লাইসেন্স**: উপরোক্ত সবগুলি ডকুমেন্টসমূহ, এবং এর সাথে- পরিবেশ সংক্রান্ত অনাপত্তি পত্র - প্রতিষ্ঠানের অবস্থান চিহ্নিত মানচিত্র - অগ্নিনির্বাপণ প্রস্তুতি সংক্রান্ত প্রত্যয়নপত্র - ডি.সি.সি. র নিয়মাবলি মেনে চলা হবে এমতে ১৫০ টাকার জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারপত্র - ১ কপি পাসপোর্ট সাইজের ছবি।
- **ক্লিনিক অথবা ব্যক্তিগত হাসপাতালের ক্ষেত্রে:** স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের অনুমোদন।
- **লিমিটেড কোম্পানির ক্ষেত্রে:** - মেমোরেন্ডাম অব আর্টিকেল - সার্টিফিকেট অব ইনকর্পোরেশন
- **ছাপাখানা ও আবাসিক হোটেলের ক্ষেত্রে** - ডেপুটি কমিশনারের অনুমতি
- **রিক্রুটিং এজেন্সির ক্ষেত্রে** - মানবসম্পদ রপ্তানি ব্যুরো কর্তৃক প্রদত্ত লাইসেন্স
- **অস্ত্র ও গোলাবারুদের ক্ষেত্রে** - অস্ত্রের লাইসেন্স
- **ঔষধ ও মাদকদ্রব্যের ক্ষেত্রে** - ড্রাগ লাইসেন্সের কপি
- **ট্রাভেলিং এজেন্সির ক্ষেত্রে**- সিভিল এভিয়েশন কর্তৃপক্ষের অনুমতিট্রেড লাইসেন্স।

## ট্রেড লাইসেন্স নবায়ন

১। পূর্বের ট্রেড লাইসেন্স নিয়ে দায়িত্বপ্রাপ্ত আঞ্চলিক কর্মকর্তার সাথে যোগাযোগ করতে হবে।২। দায়িত্বপ্রাপ্ত আঞ্চলিক কর বিষয়ক কর্মকর্তা নবায়নকৃত ট্রেড লাইসেন্স প্রদান করবেন।৩। ফি: লাইসেন্স নবায়ন ফি নতুন লাইসেন্সের সমপরিমাণ। এই ফি আগের মতোই লাইসেন্স ফরমে উল্লিখিত ব্যাংকে প্রদান করতে হয়।

ট্রেড লাইসেন্স করতে মূলত যা যা লাগে :-

(১) সঠিকভাবে ফরম পূরণ।

(২) পাসপোর্ট সাইজের তিন কপি ছবি।

(৩) ভোটার আইডি কার্ডের ফটোকপি।

(৪) দোকান বা অফিস ভাড়ার চুক্তিপত্রের কপি।

(৫) ভাড়ার রশিদ অথবা নিজস্ব জায়গায় ব্যবসা প্রতিষ্ঠান হলে হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদ সহ আঞ্চলিক প্রধান করকর্মকর্তা (ঢাকা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে) বরাবর আবেদন করতে হবে।

(৬) লিমিটেড কোম্পানির ক্ষেত্রে মেমোরেন্ডাম এর কপি দাখিল করতে হয়।

(৭) আবেদনপত্রের সাথে লিগ্যাল ফি জমা দিতে হবে।

(৮) পরবর্তীতে লাইসেন্স সুপারভাইজার কর্তৃক সরেজমিন তদন্ত করে সঠিক পাওয়া গেলে ট্রেড লাইসেন্স ইস্যু করে থাকে।